# শান্তি শৃঙ্খলা উন্নয়ন ও নিরাপত্তায় সর্বত্র আমরা




# আনসার ব্যাটালিয়নে যোগ দিন, দেশ সেবা ও জননিরাপত্তায় অংশ নিন

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সুশৃঙ্খল, দক্ষ ও কর্মঠ 'ব্যাটালিয়ন আনসার' সদস্যগণ পার্বত্য চট্টগ্রাম এলাকায় বাংলাদেশ সেনাবাহিনীর সাথে অপারেশন উত্তরণ এবং সমতল এলাকায় রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তা বিধানসহ অন্যান্য বাহিনীর সাথে আইন-শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত থাকে। বাহিনীর ৪১৮টি অস্থায়ী ব্যাটালিয়ন আনসারের শূন্য পদ (শুধুমাত্র পুরুষ) পূরণের লক্ষ্যে আগ্রহী বাংলাদেশী পুরুষ প্রার্থীদের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদেরকে অনলাইনে আবেদন করতে হবে। নিম্নছকে বর্ণিত জেলাসমূহের পাশে উল্লিখিত শূন্য কোটায় বাছাই ও অংগীভূত করা হবে। উল্লেখ্য, নিয়োগকৃত ব্যাটালিয়ন আনসার সদস্যদেরকে ০৬ (ছয়) বছর সন্তোষজনক চাকরি সমাপনান্তে স্থায়ী করা হবে। উপযুক্ত প্রার্থীদেরকে নির্ধারিত স্থান ও তারিখে সময়সূচি অনুযায়ী বাছাই কমিটির নিকট শারীরিক যোগ্যতা ও প্রাথমিক বাছাইয়ের জন্য উপস্থিত থাকতে হবে (মোবাইলে SMS এর মাধ্যমে তারিখ এবং সময় জানিয়ে দেয়া হবে)। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের একই স্থানে এবং একই তারিখে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে ০৬ (ছয়) মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণের জন্য আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর যোগদান করতে হবে।

২। জেলাভিত্তিক পদের সংখ্যা ও নির্বাচন কেন্দ্র ঃ

| ক্রঃ নং | জেলার নাম | জেলাভিত্তিক শূন্যপদ | নির্বাচন কেন্দ্রের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ঢাকা | ৩৫ | আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | |
| ২. | গাজীপুর | ১০ | -ঐ- | |
| ৩. | মানিকগঞ্জ | ৪ | -ঐ- | |
| ৪. | মুন্সিগঞ্জ | ৪ | -ঐ- | |
| ৫. | নারায়ণগঞ্জ | ৯ | -ঐ- | |
| ৬. | নরসিংদী | ৬ | -ঐ- | |
| ৭. | ফরিদপুর | ৬ | -ঐ- | |
| ৮. | গোপালগঞ্জ | ৩ | -ঐ- | |
| ৯. | মাদারীপুর | ৩ | -ঐ- | |
| ১০. | রাজবাড়ী | ৩ | -ঐ- | |
| ১১. | শরীয়তপুর | ৩ | -ঐ- | |
| ১২. | কিশোরগঞ্জ | ৮ | -ঐ- | |
| ১৩. | টাংগাইল | ১০ | -ঐ- | |
| ১৪. | ময়মনসিংহ | ১৫ | -ঐ- | |
| ১৫. | জামালপুর | ৭ | -ঐ- | |
| ১৬. | নেত্রকোনা | ৬ | -ঐ- | |
| ১৭. | শেরপুর | ৪ | -ঐ- | |
| ১৮. | চট্টগ্রাম | ২২ | -ঐ- | |
| ১৯. | কক্সবাজার | ৭ | -ঐ- | |
| ২০. | বান্দরবান | ১ | -ঐ- | |
| ২১. | রাঙ্গামাটি | ২ | -ঐ- | |
| ২২. | খাগড়াছড়ি | ২ | -ঐ- | |
| ২৩. | কুমিল্লা | ১৬ | -ঐ- | |
| ২৪. | ব্রাহ্মণবাড়িয়া | ৮ | -ঐ- | |
| ২৫. | চাঁদপুর | ৭ | -ঐ- | |
| ২৬. | নোয়াখালী | ৯ | -ঐ- | |
| ২৭. | ফেনী | ৪ | -ঐ- | |
| ২৮. | লক্ষ্মীপুর | ৫ | -ঐ- | |
| ২৯. | সিলেট | ১০ | -ঐ- | |
| ৩০. | মৌলভীবাজার | ৬ | -ঐ- | |
| ৩১. | সুনামগঞ্জ | ৭ | -ঐ- | |
| ৩২. | হবিগঞ্জ | ৬ | -ঐ- | |
| ৩৩. | রাজশাহী | ৭ | -ঐ- | |
| ৩৪. | জয়পুরহাট | ৩ | -ঐ- | |
| ৩৫. | পাবনা | ৭ | -ঐ- | |
| ৩৬. | সিরাজগঞ্জ | ৯ | -ঐ- | |
| ৩৭. | নওগাঁ | ৮ | -ঐ- | |
| ৩৮. | নাটোর | ৫ | -ঐ- | |
| ৩৯. | চাঁপাইনবাবগঞ্জ | ৫ | -ঐ- | |
| ৪০. | বগুড়া | ১০ | -ঐ- | |
| ৪১. | রংপুর | ৮ | -ঐ- | |
| ৪২. | দিনাজপুর | ৯ | -ঐ- | |
| ৪৩. | গাইবান্ধা | ৭ | -ঐ- | |
| ৪৪. | কুড়িগ্রাম | ৬ | -ঐ- | |
| ৪৫. | লালমনিরহাট | ৪ | -ঐ- | |
| ৪৬. | নীলফামারী | ৫ | -ঐ- | |
| ৪৭. | পঞ্চগড় | ৩ | -ঐ- | |
| ৪৮. | ঠাকুরগাঁও | ৪ | -ঐ- | |
| ৪৯. | খুলনা | ৭ | -ঐ- | |
| ৫০. | যশোর | ৮ | -ঐ- | |
| ৫১. | ঝিনাইদহ | ৫ | -ঐ- | |
| ৫২. | মাগুরা | ৩ | -ঐ- | |
| ৫৩. | নড়াইল | ২ | -ঐ- | |
| ৫৪. | বাগেরহাট | ৪ | -ঐ- | |
| ৫৫. | সাতক্ষীরা | ৬ | -ঐ- | |
| ৫৬. | চুয়াডাংগা | ৩ | ঐ | |
| ৫৭. | কুষ্টিয়া | ৬ | -ঐ- | |
| ৫৮. | মেহেরপুর | ২ | -ঐ- | |
| ৫৯. | বরিশাল | ৭ | -ঐ- | |
| ৬০. | ভোলা | ৫ | -ঐ- | |
| ৬১. | ঝালকাঠি | ২ | -ঐ- | |
| ৬২. | পিরোজপুর | ৩ | -ঐ- | |
| ৬৩. | বরগুনা | ৩ | -ঐ- | |
| ৬৪. | পটুয়াখালী | ৪ | -ঐ- | |

৩। প্রার্থীদের নিম্নলিখিত যোগ্যতা থাকতে হবে ঃ

| বয়স | বৈবাহিক অবস্থা | শিক্ষাগত যোগ্যতা | শারীরিক যোগ্যতা | অগ্রাধিকার |
|---|---|---|---|---|
| ১৫-০৫-২০২৩ খ্রিঃ তারিখে ১৮-২২ বছর। | অবিবাহিত | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | উচ্চতা (সর্বনিম্ন) ঃ সাধারণ ও অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে ১.৬৭৬ মিটার (৫ ফুট ৬ ইঞ্চি) ও ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে ১.৬২৫ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি)।<br>ওজন (ন্যূনতম) ঃ সাধারণ ও অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে ৪৯.৮৯৫ কেজি (১১০ পাউন্ড) ও ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে ৪৭.১৭৩ কেজি (১০৪ পাউন্ড)।<br>বুকের মাপ ঃ সাধারণ ও অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে ৮১.২৮-৮৬.৩৬ সে. মি. (৩২-৩৪ ইঞ্চি) এবং ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে ৭৬.২- ৮১.২৮ সে. মি. (৩০-৩২ ইঞ্চি)।<br>দৃষ্টিশক্তি ঃ ৬/৬।<br>কোন দুরারোগ্য ব্যাধি থাকলে প্রার্থীকে প্রাথমিক বাছাই-এ নির্বাচন করা হবে না। | অধিক উচ্চতা, তালিকাভুক্ত আনসার-ভিডিপি সদস্য ও ক্রীড়া ক্ষেত্রে অসামান্য কৃতিত্বের অধিকারী প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। |

৪। অনলাইন রেজিস্ট্রেশন পদ্ধতি ঃ

ইউনিয়ন ডিজিটাল সেন্টার **(UDC)** অথবা যেকোন অনলাইন সুবিধাসম্পন্ন কম্পিউটার থেকে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েবসাইট **(www.ansarvdp.gov.bd)** এ "ব্যাটালিয়ন আনসার পদের জন্য আবেদন" লিংকে ক্লিক করে আবেদন ফরম পূরণ করতে হবে। উক্ত লিংকটি ০৬ মে, ২০২৩ খ্রিঃ তারিখ হতে ১৫ মে, ২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত সক্রিয় থাকবে। অনলাইনে রেজিস্ট্রেশনকালীন ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা আবেদন পোর্টালে প্রদর্শিত বিকাশ/রকেট/মোবিক্যাশ ইত্যাদির মাধ্যমে জমা দিতে হবে যা অফেরতযোগ্য। আবেদনকালে আবেদনপত্র দাখিল ও ফি পরিশোধ সংক্রান্ত কোন সমস্যা হলে পরামর্শের জন্য ০৯৬৪৩২০৭০০৪ নম্বরে যোগাযোগ করতে হবে। অনলাইনে আবেদনপত্র রেজিস্ট্রেশন সম্পন্ন হলে প্রত্যেক প্রার্থী রেফারেন্স আইডি পাবেন এবং উক্ত রেফারেন্স আইডি ও প্রিন্টকৃত আবেদনপত্র সংরক্ষণ করবেন। পরবর্তীতে প্রার্থীর আবেদনে প্রদত্ত মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে প্রবেশপত্র ডাউনলোড করার জন্য নির্দেশনা প্রদান করা হবে। প্রার্থীগণ অনলাইনে উক্ত রেফারেন্স আইডির মাধ্যমে প্রবেশপত্র প্রিন্ট করে সংরক্ষণ করবেন এবং বাছাইয়ের লক্ষ্যে নির্ধারিত সময়ে নির্ধারিত স্থানে প্রবেশপত্র, আবেদনপত্র ও প্রয়োজনীয় সকল সনদপত্র সহ উপস্থিত হবেন।

৫। প্রার্থীদের মেডিক্যাল ও লিখিত পরীক্ষা গ্রহণ ঃ

নির্বাচনের ক্ষেত্রে প্রার্থীদের পর্যায়ক্রমে প্রাথমিক ডাক্তারী পরীক্ষা, লিখিত পরীক্ষা এবং চূড়ান্ত ডাক্তারী পরীক্ষা গ্রহণ করা হবে। শুধুমাত্র নির্বাচিত প্রার্থীদেরকেই **Fasting Sugar, HbAIC, HBs Ag, Anti HCV, Serum Creatinine Ges Dope Test** সম্পন্ন করানো হবে। উল্লেখ্য, **Fasting Sugar, HbAIC & Serum Cretinine** রক্ত পরীক্ষায় যোগ্য, **HBs Ag I Anti HCV** রক্ত পরীক্ষায় নেগেটিভ **(Negative) Ges Dope Test (Urine)** পরীক্ষায় **Not Detected** ফলাফল প্রাপ্ত প্রার্থীগণই চূড়ান্তভাবে নির্বাচিত বলে গণ্য হবেন। পরবর্তীতে পুলিশ ভিআর **(VR)** সম্পন্ন হওয়ার পর সঠিক তদন্ত প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নিয়োগপত্র প্রদান করা হবে।

৬। সনদ/কাগজপত্র ঃ লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদেরকে নির্বাচন কমিটির কাছে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে।

ক। ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদ পত্রের ফটোকপি।
খ। ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ৬ কপি পাসপোর্ট সাইজ রঙ্গীন ছবি (সামনে থেকে তোলা)।
গ। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
ঘ। ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র (NID) এর ফটোকপি।
ঙ। অভিভাবক কর্তৃক স্বাক্ষরিত সম্মতিসূচক সনদপত্র যা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রতিস্বাক্ষরিত।
চ। প্রার্থী অবিবাহিত মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা ক্ষেত্রমত পৌরসভার চেয়ারম্যান বা সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র।

৭। শারীরিক যোগ্যতা, লিখিত এবং মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সময় সকল সনদপত্রের মূলকপি অবশ্যই প্রদর্শন করতে হবে।

৮। প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে কলম, পেন্সিল ও স্কেল সংগে আনতে হবে।

৯। প্রাপ্য ভাতা ও সুযোগ সুবিধা ঃ

ক। চাকরিকালীন ঃ

(১) ভাতা (দৈনিক) ঃ

| বিবরণ | দৈনিক/খোরাকী ভাতা | রেশন ভাতা | চিকিৎসা ভাতা | ঝুকি ভাতা | যাতায়াত ভাতা | ধোলাই ভাতা | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| (ক) সমতল এলাকা | ৩৬২.৬৬ | ১০৪.০০ | ২২.০০ | ২০.০০ | ৫.০০ | ৩.০০ | ৫১৬.৬৬ |
| (খ) পাহাড়ী এলাকা | ৩৭৯.৩৩ | ১০৪.০০ | ২২.০০ | ২০.০০ | ৫.০০ | ৩.০০ | ৫৩৩.৩৩ |

(২) উৎসব ভাতা ঃ ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে বছরে ২টি উৎসব ভাতা।
(৩) রেশন সামগ্রী ঃ সরকার প্রদত্ত ভর্তুকিমূল্যে পারিবারিক রেশন (মাসিক)।
(৪) চিকিৎসা ঃ অংগীভূত 'ব্যাটালিয়ন আনসার' অসুস্থ হলে নিজের এবং পরিবারের আপন সদস্যদের সরকারী হাসপাতালের চিকিৎসা ব্যয় কর্তৃপক্ষ বহন করবে।

খ। প্রশিক্ষণকালীন ঃ দৈনিক ভাতা ১৫০/- টাকা এবং বিনামূল্যে চিকিৎসা সুবিধা।

গ। অবসরকালীন ঃ একনাগাড়ে ৫ (পাঁচ) বৎসর সন্তোষজনক অংগীভূত থাকার পর সাধারণভাবে অবসর গ্রহণের সময় প্রতিবছর চাকরিকালের জন্য ২ মাসের সমপরিমান ভাতা (শুধুমাত্র দৈনিক/খোরাকী ভাতা) হিসেবে সর্বোচ্চ ১২ মাসের দৈনিকভাতা গ্রাচ্যুইটি হিসেবে এককালীন প্রাপ্য হবেন।

ঘ। কর্মরত অবস্থায় মৃত্যু/দুর্ঘটনাজনিত কারণে বিশেষ অনুদান ঃ

(১) মৃত আনসার সদস্য-সদস্যার পরিবারকে এককালীন অনুদান ঃ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত কোন অস্থায়ী ব্যাটালিয়ন আনসার সদস্য কর্তব্যরত অবস্থায় মৃত্যুবরণ করলে তার পরিবারকে ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা এবং গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষম হলে তাকে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা এককালীন আর্থিক অনুদান হিসেবে প্রদান করা হয়।

(২) ব্যাটালিয়ন আনসার আর্থিক নিরাপত্তা সহায়তা তহবিল হতে অনুদান ঃ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর আনসার ব্যাটালিয়নে কর্মরত কোন সদস্যের স্বাভাবিক মৃত্যু অথবা দুর্ঘটনাজনিত কারণে মৃত্যু, অঙ্গহানী বা পঙ্গুত্ববরণের ক্ষেত্রে তাদের পরিবারকে নিম্নলিখিত হারে এককালীন আর্থিক সহায়তা প্রদান করা হয় ঃ

| ক্রঃ নং | সহায়তা প্রদানের ক্ষেত্র | আর্থিক সহায়তার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | স্বাভাবিক মৃত্যুজনিত কারণের ক্ষেত্রে | ১,০০,০০০/- টাকা | |
| ২ | সড়কপথ, রেলপথ, আকাশপথ ও নৌপথে দূর্ঘটনায় বা অন্য কোন দূর্ঘটনায় মৃত্যুজনিত কারণে প্রদেয় | ২,০০,০০০/- টাকা | |
| ৩ | দূর্ঘটনায় ১টি অঙ্গহানীর জন্য প্রদেয় (স্বাভাবিক মৃত্যুতে প্রদেয় অর্থের ৫০%) | ৫০,০০০/- টাকা | |
| ৪ | দূর্ঘটনায় ১ এর অধিক অঙ্গহানীর জন্য প্রদেয় (স্বাভাবিক মৃত্যুতে প্রদেয় অর্থের ১০০%) | ১,০০,০০০/- টাকা | |

১০। প্রশিক্ষণকাল ঃ ০৬ (ছয়) মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণ করে সন্তোষজনকভাবে সমাপ্ত করতে হবে।

১১। চাকরির মেয়াদ ০৬ (ছয়) বছর পূর্ণ হলে প্রচলিত নিয়ম অনুসরণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে চাকরি স্থায়ী করা হবে।

১২। বিশেষ দ্রষ্টব্য ঃ

ক। সরকারী বিধি অনুযায়ী সকল প্রকার কোটা সংরক্ষণ করা হবে ঃ

(১) আনসার ও ভিডিপি সদস্যদের ক্ষেত্রে ঃ জেলা কমান্ড্যান্ট/ আনসার ভিডিপি একাডেমি কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণ সনদপত্র প্রদর্শন করতে হবে।
(২) বীর মুক্তিযোদ্ধার পুত্র/পুত্র-কন্যার পুত্রদের ক্ষেত্রে
(ক) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/পুত্র-কন্যার পুত্রদের ক্ষেত্রে প্রার্থীদের পিতা/মাতা/পিতামহ/ মাতামহের নামে ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের মূলকপি যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব এবং মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী) কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত থাকতে হবে।
(খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র হলে প্রার্থী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ঔরসজাত পুত্র এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূলকপি থাকতে হবে। উল্লেখ্য, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্রদের ক্ষেত্রে ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট এর নিকট সম্পাদিত অ্যাফিডেভিট অথবা বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত সাকসেশন সার্টিফিকেট উপস্থাপন করতে হবে।
(৩) এতিম সদস্যদের ক্ষেত্রে ঃ সরকারী ও সরকারী নিবন্ধনপ্রাপ্ত এতিমখানার প্রধান কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র যাতে প্রার্থীর পূর্বতন স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ ও এতিমখানা নিবাসের নিবন্ধনকৃত ব্যক্তিগত নম্বর এবং জেলা/উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিস্বাক্ষর থাকতে হবে।
(৪) ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে ঃ ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রার্থীদের সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

খ। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা কম/বেশী করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
গ। নির্বাচিত ব্যাটালিয়ন সদস্যদের ক্ষেত্রে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর বিভাগীয় বিধি-বিধান ও নীতিমালা প্রযোজ্য হবে।
ঘ। প্রার্থীদের কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

স্বাক্ষরিত
মোঃ রুবেল উকিল, বিজিএমএস
বিএডি : ১২০১২১
উপপরিচালক (ব্যাটালিয়ন)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

* সতর্কীকরণ ঃ

ক। সাহায্য পাওয়ার আশায় কারো সাথে কোন প্রকার আর্থিক লেনদেন করে প্রতারিত হবেন না। ব্যাটালিয়ন আনসার পদে নির্বাচনের ব্যাপারে অত্র বাহিনীর কোন কর্মকর্তা/কর্মচারীর সংগে ব্যক্তিগতভাবে কেউ যোগাযোগ করলে সেই প্রার্থী তাৎক্ষণিকভাবে অযোগ্য বিবেচিত হবেন।
খ। চাকরি প্রার্থীদের মধ্যে কেহ বয়স, বিবাহ, স্থায়ী ঠিকানা, মামলা সংক্রান্ত বিষয়ে কোন তথ্য গোপন বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে তার প্রাথমিক মনোনয়নপত্র বাতিল বলে বিবেচিত হবে। এমনকি পরবর্তীতেও বর্ণিত কোন অনিয়ম ধরা পড়লে নিয়োগ আদেশ বাতিল হবে।